বেতার জগৎ

১৬-৩০ সেপ্টেম্বর '৭৪

পত্রিকাটি ধুলোখেলায় প্রকাশের জন্য

হার্ড কপি ঃ সুজিত কুণ্ডু

স্ক্যান ঃ ইলা কুণ্ডু

এডিট ঃ সুজিত কুণ্ডু

একটি আবেদন

আপনাদের কাছে যদি এরকমই কোনো পুরানো আকর্ষণীয় পত্রিকা থাকে এবং আপনিও যদি আমাদের মতো এই মহান অভিযানের শরীক হতে চান, অনুগ্রহ করে নিচে দেওয়া ই -মেইল মারফত যোগাযোগ করুন।

e-mail: optifmcybertron@gmail.com; dhulokhela@gmail.com

বেতার জগতের আগামী সংখ্যা শারদ সংখ্যা

পাঁচটি সম্পূর্ণ উপন্যাস লিখেছেন

★ বিভূতিভূষণ মুখোপাধ্যায়	বিশেষজ্ঞ
★ জরাসন্ধ	ভুল নিশানা
★ আশাপূর্ণা দেবী	বংশধর
★ আশুতোষ মুখোপাধ্যায়	সোনার কাঠি, রুপোর কাঠি
★ জ্যোতিরিন্দ্র নন্দী	জীবনের স্বাদ

অন্ততঃ ডজন দেড়েক গল্প লিখেছেন—

- প্রমথনাথ বিশী
- গজেন্দ্রকুমার মিত্র
- মহাশ্বেতা দেবী
- নরেন্দ্রনাথ মিত্র
- মায়া বসু
- শিবরাম চক্রবর্তী
- হরিনারায়ণ চট্টোপাধ্যায়
- শীর্ষেন্দু মুখোপাধ্যায়
- আশা দেবী
- আব্দুল জব্বার
- কবিতা সিংহ
- শক্তিপদ রাজগুরু
- সুমথনাথ ঘোষ
- বিরূপাক্ষ

ও আরো অনেকে

বেশ কয়েকটি কবিতা লিখেছেন—

* বিষ্ণু দে * বনফুল * দিনেশ দাশ * দিলীপকুমার রায় * শক্তি চট্টোপাধ্যায় * পরমানন্দ সরস্বতী * কৃষ্ণ ধর * হরপ্রসাদ মিত্র * মণীন্দ্র রায় * জগন্নাথ চক্রবর্তী * বিমলচন্দ্র ঘোষ * বন্দে আলি মিঞা * কামাক্ষীপ্রসাদ চট্টোপাধ্যায় * প্রভাকর মাঝি * নচিকেতা ভরদ্বাজ * রত্নেশ্বর হাজরা * * * * *

এছাড়া

• ভারতীয় রাগসংগীতের উপর সুচিন্তিত প্রবন্ধ লিখেছেন **স্বামী প্রজ্ঞানানন্দ** • দুই বাংলার সংস্কৃতির তুলনামূলক মূল্যায়ন করেছেন **অন্নদাশংকর রায়** • বৈষ্ণব সাহিত্য ও সাধনায় শাক্ত সাধনার আভাস দিয়েছেন **জনার্দন চক্রবর্তী**

এ সংখ্যার **তিনটি** বিশেষ আকর্ষণ—

দেবিসূক্তে সুরারোপ করে তার স্বরলিপি রচনা করেছেন **পংকজকুমার মল্লিক**
ফেলে আসা নানা রঙের দিনগুলিকে স্মরণ করেছেন **পরিমল গোস্বামী**

প্রচ্ছদশিল্পী—**ইন্দ্র দুগার**

অনন্যসাধারণ এই সংখ্যাটির দাম

মাত্র চার টাকা

(রেজিস্ট্রি ডাকে অতিরিক্ত ১·৬৫ পয়সা)

*

মুদ্রণ সীমিত। আপনার কপি সংরক্ষণ এবং এই বিশেষ সংখ্যা সম্বন্ধে যাবতীয় তথ্যের জন্য অবিলম্বে নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন ঃ

সম্পাদক, বেতার জগৎ
আকাশবাণী ভবন
ইডেন গার্ডেনস্
৭০০০০১

বেতার জগৎ

৪৫ বর্ষ, ১৮ সংখ্যা 45th Year, Vol. 18

৭ সেপ্টেম্বর, ১৯৭৪ ১৬ ভাদ্র, ১৮৯৬ শকাব্দ

7 September, 1974 16 Bhadra, 1896 Saka

অরণ্যে একা

হরিনারায়ণ চট্টোপাধ্যায়

(শেষাংশ)

এ এক নতুন রাজ্য। শাল, দেবদারু, মেহগণি, পিয়াল, হরীতকীর জটলা। হাজার পাখির কোলাহলে ভোর হয়। রাতের অন্ধকারে নানা জন্তুর চীৎকার ভেসে আসে।

শমিতা আর বিজিত দুজনেই শহরে মানুষ। এ পরিবেশে অভ্যস্ত নয়। শমিতা চমকে জেগে ওঠে। 'এই, কি ডাকছে শুনছ? বুনো কুকুরের ডাক।'

ঘুম ভেঙে বিজিত কিছুক্ষণ কান পেতে শুনে বলেছে, 'ও তো বার্কিং ডিয়ারের ডাক। ভয় নেই, হিংস্র জন্তু এ তল্লাটে নেই। শুনেছি মাঝে মাঝে বুনো হাতির দল এক জঙ্গল থেকে অন্য এক জঙ্গলে বাসা বদল করে, কিন্তু তারা কোন অনিষ্ট করে না।'

বাইরে বিশেষ অসুবিধা নেই। কাজকর্ম বিজিত অনেকটা রপ্ত করে নিয়েছে। বিরোধের সম্ভাবনা দেখা দিল অন্যত্র।

শমিতা মাঝে মাঝে উন্মনা হয়ে যায়।

বিজিত বাহুবন্ধনে শুধু শমিতার দেহটা পায়, তার মন নয়। বিজিত কাছে এলেই শমিতার মুখ রক্তশূন্য হয়ে যায়, উদভ্রান্ত দু চোখের দৃষ্টি। শংকাকুল কণ্ঠে বলে, 'না, না, না।'

—'কি না?' বিজিত প্রশ্ন করে।

—'জান, আমার বড় ভয় করে। মনে হয়, এ সুখ, এত সুখ বোধ হয় আমার সহ্য হবে না।'

—'ছি, ওসব কথা বলতে নেই।'

—'মনকেও তাই বোঝাই, বলতে নেই। অনেকদিন আগের কথা মনে পড়ে। প্রাকৃতিক বিপর্যয় থেকে বাঁচবার জন্য তোমাদের বাড়িতে আশ্রয় নিয়েছিলাম। সামাজিক বিপর্যয় থেকে বাঁচিয়ে এবারও তুমি তোমার বুকে আশ্রয় দিয়েছ, কিন্তু আমি কি এ বদান্যতার যোগ্য।'

—'তোমার কি হয়েছে বল তো?' চিন্তান্বিত কণ্ঠে বিজিত জিজ্ঞাসা করে।

—'বলব, তোমাকে একদিন বলব। তোমাকে না বললে শান্তি পাব না।'

বিজিত শমিতাকে বুঝতে পারে না। শমিতা যখন দূরে ছিল তখন তার কাছে আসবার ব্যাকুলতা বুঝতে বিজিতের অসুবিধা হয় নি।

কিন্তু আজ কাছে এসে, প্রায় একাত্ম হয়েও এমন করছে কেন শমিতা!

অন্যদিকে তার কোন ত্রুটি নেই। যেদিন বিজিতকে দূরে যেতে হয়, সেদিন শমিতা খুব ভোরে উঠে পড়ে। মংলুকে ডেকে ওঠায়। যাবার আগে বিজিতকে খাইয়ে দেয়। সন্ধ্যার মুখে বিজিত যখন ফিরে আসে, তখন দুজনে বেতের চেয়ার নিয়ে বারান্দায় বসে।

—'তুমি ভীষণ একলা শমিতা। সারাটা দুপুর কথা বলবার একটি লোক নেই।'

প্রায় সংগে সংগে শমিতা উত্তর দেয়, 'আমি তো চিরদিনই একলা। আর আমার কষ্ট হয় না।'

হঠাৎ কথাটা বিজিতের মনে পড়ে যায়।

—'তুমি আজকাল গান গাও না?'

—'অনেক দিন গাই নি। ভয় করে।'

—'ভয়? কিসের ভয়?'

—'নকল হাসি কান্না আর নকল সংলাপ বলে বলে দিদির গলায় ক্যানসারই হয়ে গেল। মঞ্চে দিদিকে যারা বাহবা দিত, অসময়ে তারা কেউ এল না। তাই ভাবি, গান গেয়ে গেয়ে আমার গলায় যদি—'

—'আ, কি বাজে বকছো।'

বিজিত বাধা দিল, তারপর এক সময়ে মোলায়েম কণ্ঠে বলল, 'শোনাবে একটা গান?'

—'শুধু গলায় গাইব?'

মাঝে মাঝে বিজিতের সংগে শমিতাও যায়। বাহাদুর তখন মন্থরগতিতে জীপ চালাল, যাতে দুপাশের দৃশ্য দেখতে শমিতার অসুবিধা না হয়।

নাম-না-জানা পাহাড়ী ঝর্ণা। তার কূলে দুজনে বসে।

সবই ঠিক, কিন্তু বিজিতের মনে হয়, নিজের চারপাশে শমিতা যেন একটা রহস্যের বলয়ের সৃষ্টি করেছে। শমিতা আর বিজিত শুধু দুজন থাকলেই শমিতা গম্ভীর হয়ে যায়।

মধ্যে একবার ডি.এফ.ও সাহেব এসেছিলেন। তদারকির কাজে অবশ্য দিন দুয়েক আগে খবর পাঠিয়ে ছিলেন। জীপ নিয়ে বাহাদুর স্টেশনে গেল। সংগে বিজিত। সমস্ত দিন জংগলে জংগলে ঘোরাঘুরি। গাছের হিসাব-নিকাশ। তারপর সন্ধ্যার সময় তিনি ফিরলেন। বিজিত শমিতার সংগে আলাপ করিয়ে দিল ডি. এফ. ও সাহেবের। শমিতার পরণে স্যাম্পেন রং শাড়ী। সেই রংয়ের ব্লাউজ। সাঁওতালী ঢংয়ে বাঁধা খোপায় সাদা চন্দ্রমল্লিকা।

গান শুনে ডি.এফ.ও সাহেব উচ্ছ্বসিত। বিজিত তোমার ভাগ্যকে আমি ঈর্ষা করি। আমার স্ত্রীর গলা আছে বটে, কিন্তু সে গলা শুধু বাড়ীতে আগুন লাগলে দরকার হতে পারে। কথা শেষ করে ডি.এফ.ও নিজের রসিকতায় নিজেই মুগ্ধ হয়ে উচ্চ হাস্য করে উঠলেন।

পরের দিন ভোরে ডি.এফ.ও চলে গেলেন।

তার দিন সাতেক পরেই নির্দেশ এল বিজিতকে কলকাতার অফিসে যাবার জন্য।

—'শমিতা, চল কলকাতা ঘুরে আসি।'

শমিতা চা তৈরি করছিল। বিজিতের কথা কানে যেতেই হাত কেঁপে চায়ের কাপ মেঝের ওপর পড়ে চুরমার হয়ে গেল। বিজিত ছুটে তার পাশে এল। 'কি শরীর খারাপ নাকি?'

—'না, না, শরীর ঠিক আছে।' শমিতা ভয়ার্তকণ্ঠে উত্তর দিল। তারপর একটু সামলে নিয়ে বলল, 'আমি কলকাতায় যাব না।'

—'সেকি, তুমি তো এ জংগলে হাঁপিয়ে উঠেছ।'

—'এখানে শুধু হাঁপিয়ে উঠেছি, কলকাতায় গেলে দমবন্ধ হয়ে যাবে।'

বিজিত কিছু বলল না। একটু দূরে দাঁড়িয়ে শমিতাকে দেখল। কলকাতা শমিতাকে সুখ দেয় নি, শোক দিয়েছে, সেই জন্যই বুঝি কলকাতার প্রতি এই বিতৃষ্ণা। অবশ্য শমিতার কোন অসুবিধা হবার কথা নয়। লোকজন এখানে সবই আছে। মাত্র তিন দিন বিজিত থাকবে না।'

বিজিতকে একলা দেখে তার মা একটু বিস্মিত হলেন।

—'হ্যাঁরে, শমিতা আসে নি।'

—'না মা, এই তিনদিনের জন্য আর তাকে আনলাম না। কিন্তু তুমি এত রোগা হয়ে গেছ কেন? খাওয়া-দাওয়া করছ না ঠিকমত?'

॥ সূচী ॥

	পৃষ্ঠা
কমল দাশগুপ্ত	
—যূথিকা রায়	৭৪৯
—অরুণ সেন	৭৪৯
এমাসের গান	৭৫০

প্রচ্ছদ ঃ সুরসুন্দরী (বেলুড়, কর্ণাটক)

মা মুচকি হাসলেন। 'তোর কি ধারণা আমি না খেয়ে আছি? রঘু রয়েছে, তারকের মা রয়েছে। আমাকে দেখাশোনা করার লোকের অভাব।'

বিজিত কিছু বলল না। দেহের কষ্টে মানুষ হয়তো কৃশ হয়, কিন্তু মনের কষ্টে আরও দ্রুত ক্ষীণ হবার সম্ভাবনা। মায়ের মনে সুখ নেই। একটা মানুষের অভাবে মায়ের জীবন অন্ধকার।

এই তিনদিন বেশীর ভাগ সময় বিজিত মায়ের কাছেই রইল। সকালের দিকে বেরিয়ে অফিসের কাজ সেরে দুপুরের অনেক আগেই বাড়ী ফিরে আসত।

মা শমিতার কথা জিজ্ঞাসা করতেন। 'হ্যাঁরে, নতুন জায়গায় শমিতার ভাল লাগছে?'

—'হ্যাঁ, ভালই লাগছে। জায়গাটা ভারি সুন্দর। তুমিও চল, তোমারও ভাল লাগবে।'

মা হাসলেন। কোন উত্তর দিলেন না। বিজিত মাকে দেখল। মা অসুখী। তার জন্য কি বিজিত দায়ী? হয়তো ছেলের সুখের কথা ভেবে মা এই অসবর্ণ বিয়েতে রাজী হয়েছেন, কিন্তু এ ব্যাপারে মায়ের কোন রকম অনাগ্রহ বিজিত লক্ষ্য করে নি। এমন তো নয়, মায়ের ইচ্ছা ছিল, বিয়ের পর শমিতা কিছুদিন তাঁর কাছে থাকবে। কিন্তু বিয়ের সঙ্গে সঙ্গে বিজিত তাকে নিজের কাছে নিয়ে গেল।

ভেবে বিজিত কোন কূলকিনারা পায় না। মায়ের একমাত্র সন্তান হবার অনেক অসুবিধা। বিয়ের পর সন্তান পর হয়ে যায় এমন একটা চিন্তা প্রায় সব মাকেই অতীষ্ঠ করে তোলে।

—'হ্যারে, তোর শরীর এমন হয়ে যাচ্ছে কেন?'

মায়ের প্রশ্নে বিজিত চমকে উঠল। 'আমার শরীর? কেন, আমি তো ঠিকই আছি। জঙ্গলে ঘুরে ঘুরে কাজ, একটু পরিশ্রম বেশী।'

মা আর কিছু বলেন নি। ট্রেনে ফিরতে বিজিত নিজেকে বার বার প্রশ্ন করেছে। সেকি সুখী! জীবনে যা চেয়েছিল, সব কি সে পেয়েছে। শমিতাকে ভালবেসে বিয়ে করেছিল, কিন্তু শমিতা কি তার অন্তরের সব অভাব ঘোচাতে পেরেছে। শমিতা কাছে এসেও যেন নিজেকে দূরে সরিয়ে রাখে। বিজিত লক্ষ্য করেছে, জোর করে তাকে বুকের মধ্যে টেনে আনতে গেলেই, শমিতার শরীর শক্ত হয়ে যায়, চোখের তারায় ভয়ের ছায়া ফুটে ওঠে। নিজের সঙ্গে যেন সে যুদ্ধ করে।

ফিরে আসার দিন দশেক পর।

নিয়মমাফিক টহল দিতে দিতে বিজিত জঙ্গলের মাঝখানে থেমে গেল। পাশে ছোট একটা ঝর্ণা। নানা-রঙের অজস্র নুড়ি বিছানো পথ। ঝর্ণার ওপারে ছোট টিলা। এ পারে পাথরের ওপর নিমগ্নচিত্ত একটি ভদ্রলোক। সামনে ইজেল। তার ওপর অর্ধসমাপ্ত একটি ছবি। ভদ্রলোক সেই মুহূর্তে আঁকছিলেন না। কি ভাবছিলেন। লঘুপায়ে এগিয়ে গিয়ে বিজিত লোকটির পিছনে দাঁড়াল।

টিলার পিছনে সূর্য অস্ত যাচ্ছে। সারা দিগন্ত জুড়ে আবিরের সমারোহ। বাস্তবে নয়, ইজেলের ওপর এই ছবি ফুটে উঠেছে।

—'বাঃ।'

স্বতঃস্ফূর্ত প্রশংসার অব্যয় উচ্চারিত হতে চিত্রকর পিছন ফিরল। ফ্রেঞ্চকাট দাড়ি, উজ্জ্বল দুটি চোখ, সুগৌর বর্ণ।

—'আমার নাম দেবাশিস গুপ্ত। পেশায় আর্টিস্ট। মশাইয়ের পরিচয়।'

বিজিত হেসে নিজের নাম বলল। সঙ্গে যোগ করে দিল, 'আমি পেশায় অরণ্যরক্ষী।'

দেবাশিসবাবু কপট ভয়ে শিউরে উঠে বললেন, 'সর্বনাশ, সংরক্ষিত অরণ্যে গাছকাটা নিষেধ জানতাম, ছবি আঁকাও বারণ নাকি?'

বিজিত কোন উত্তর দিল না। পাশের একটা পাথরের ওপর বসে বলল, 'ছবিটা শেষ করুন? সময় নষ্ট করবেন না।'

—'আমি একটা সমস্যায় পড়েছি।'

—'কি সমস্যা?'

—'ভেবেছিলাম টিলার নীচে কিছু পলাশ গাছ দেব, কিন্তু সূর্যের লাল ছটা আর পলাশের লাল রং মিশে যাবে। ঠিক ইফেক্ট হবে না।'

বিজিত বলল, 'যে গাছই আঁকবেন অস্ত সূর্যের আলোয় সবই তো লাল দেখাবে।'

—'তা অবশ্য ঠিক।'

দেবাশিসবাবু তুলি বুলাতে আরম্ভ করলেন। একটু পরে বিজিত উঠে দাঁড়াল।

—'আপনি তো আছেন এখানে। আমি কাজগুলো সেরে আসি।'

—হুঁ, আছি। অন্ততঃ সূর্যাস্ত পর্যন্ত। আমার ছবির সঙ্গে মিলিয়ে দেখতে হবে।'

বিজিত চলে গেল। কাজ শেষ করে যখন ফিরল, তখন বেলা গড়িয়ে গেছে। সূর্য অস্তোন্মুখ। দেবাশিস-বাবু নেই। এদিক ওদিক চোখ ফেরাতেই দেখা গেল। একটা শাল-গাছের গুঁড়িতে হেলান দিয়ে দেবাশিসবাবু বসে আছেন। মুখে পাইপ। ইজেল ক্যানভাসের ব্যাগে বন্দী।

—'আপনার সূর্যাস্তের সমস্যা মিটল?'

বিজিতের প্রশ্নের উত্তরে দেবাশিস-বাবু বললেন, 'তা মিটেছে, কিন্তু আর এক সমস্যা হয়েছে।'

—'কি?'

—'আপনার এ জঙ্গলে বন্যজন্তু কেমন?'

—'এ প্রশ্ন কেন?'

—'ছবি আঁকতে আঁকতে খেয়াল ছিল না। এখন মনে পড়ল, শহরে যাবার শেষ ট্রেন পাঁচটা সতেরোয় ছেড়ে গেছে। সুতরাং বনে বাস ছাড়া উপায় নেই। শেয়াল, হরিণ হলে অসুবিধা নেই, ম্যানেজ করতে পারব, কিন্তু অ্যারিস্টোক্রাট ফ্যামিলির কেউ এলেই মুস্কিল। তারা চিত্রকরের বিশেষ খাতির করবে বলে মনে হয় না।'

বিজিত খুব জোরে হেসে উঠল। এভাবে অনেক দিন সে হাসে নি। হাসি থামিয়ে বলল, 'গরীবের ডেরায় আপনার হয়তো একটু কষ্ট হবে, কিন্তু বন্যজন্তুর হাত থেকে রক্ষা পাবেন।'

—'আপনি কি একলা থাকেন?'

—'না, সস্ত্রীক।'

—'তাহলে? আপনাদের সেই কূজন-মুখর পরিবেশের শুচিতা নষ্ট করা কি ঠিক হবে?'

—'মা ভৈঃ। আমরা দুজনেই নতুন মুখের প্রত্যাশী। বুঝতেই পারছেন, এই পান্ডববর্জিত জায়গায় পড়ে আছি, আত্মীয়স্বজনহীন অবস্থায়। কাজেই কেউ এলে আমরা খুশীই হই। নিন, উঠুন।'

দেবাশিসবাবু ইজেল, ক্যানভাস সব গুছিয়ে ব্যাগটা তুলে নিয়ে বিজিতের পাশাপাশি চলতে আরম্ভ করলেন।

—'আপনি কলকাতায় কোথায় থাকেন?' নিতান্ত স্তব্ধতা ভাঙবার জন্য বিজিত প্রশ্ন করল।

—'আমার থাকার কোন ঠিক নেই। যখন যেখানে ভাল লাগে, সেখানে থাকি।'

আর কোন কথা হল না। দূর থেকে বিজিত দেখল রোজকার মতন শমিতা বারান্দায় বসে আছে।

অন্যদিন শমিতা এগিয়ে আসে। স্বভাবতই নতুন লোক সঙ্গে দেখে শমিতা এগোল না। চুপচাপ বসে রইল। বিজিত কাছে গিয়ে ডাকল। 'এস শমিতা, তোমার সঙ্গে আলাপ করে দিই। ইনি দেবাশিস গুপ্ত। আর্টিস্ট।'

—'বাকিটা আমি পূরণ করে দিচ্ছি', দেবাশিসবাবু হাসতে হাসতে বললেন, 'জঙ্গল থেকে ধরে আনলাম।'

শমিতা হাসল না। দুটো হাত যোড় করে নমস্কার করল।

তিনজনে বারান্দায় বসল। দেবাশিস-বাবু কথা শোনেন কম, বলেন বেশী। অনর্গল কথা বললেন। বোঝা গেল, সম্পন্ন ঘরের সন্তান। ছবি আঁকাটা পেশার চেয়ে নেশাই বেশী। এইভাবে হঠাৎ কোথাও বেরিয়ে পড়েন। কয়েক দিন কাটিয়ে বাড়ী ফেরেন। তাঁর জন্য চিন্তা করবার মতন কেউ নেই। একটু পরে শমিতা উঠে গেল। বিজিত বাধা দিল না। বুঝতে পারল, অভ্যাগতের জন্য আয়োজন করা প্রয়োজন। লোক-জন থাকা সত্ত্বেও শমিতাকে থাকতে হবে।

বারান্দায় শুধু দেবাশিসবাবু আর বিজিত। পাইপ ধরাতে ধরাতে দেবা-শিসবাবু বললেন, 'ভাল আছেন মশাই, খুব ভাল আছেন। মানুষের চেয়ে জন্তু-জানোয়ার অনেক ভাল। খিদে না পেলে কিংবা ভয় না পেলে জন্তুরা আক্রমণ করে না, কিন্তু মানুষ বিনাকারণে সর্বনাশ করে।'

বিজিত কোন উত্তর দিল না। তবে তার মনে হল, দেবাশিসবাবু সম্ভবতঃ মানুষের কাছ থেকে আঘাত পেয়ে থাকবেন।

বিজিত ভেবেছিল, রান্নার নির্দেশ দেবার পর শমিতা হয়তো বারান্দায় এসে বসবে। তখন বিজিত তাকে গান গাইতে বলবে। কিন্তু শমিতা এল না। পরিবর্তে মংলু এসে খবর দিল, খানা তৈরি।

দেবাশিসবাবুকে নিয়ে বিজিত খাবার টেবিলে বসল। কিছুক্ষণ অপেক্ষা করার পরও শমিতা এল না।

মংলুই বলল, 'মাইজির শরীরটা খারাপ হয়েছে। শুয়ে পড়েছেন।'

ইদানীং বিকালের দিকে শমিতার মাথার যন্ত্রণা হচ্ছে। বিজিত লক্ষ্য করেছে, কথা বলতে বলতে শমিতা হঠাৎ থেমে যায়, কথা শুনতে শুনতেও উন্মনা হয়ে পড়ে। সর্বদা যেন কি চিন্তা করে। কিসের এত চিন্তা? দুজনে মন জানাজানির পর কাছে এসেছে। তবু শমিতার এ আচরণের কি হেতু!

পাশের একটা ঘরে দেবাশিসবাবুর শোবার আয়োজন হয়েছে। শুধু একটা রাত। তিনি ভোরের ট্রেনেই চলে যাবেন। বিজিত বাহাদুরকে বলে রেখেছে, জীপে দেবাশিসবাবুকে স্টেশনে পৌঁছে দেবে।

দেবাশিসবাবুই বললেন, 'আপনি আর দেরী করবেন না বিজিতবাবু। মিসেসের যখন শরীর খারাপ। একটু ইতস্ততঃ করে বিজিত উঠে গেল।

ঘর অন্ধকার। শমিতা শুয়ে পড়েছে। আলো জ্বালতে গিয়েও কি ভেবে বিজিত জ্বালল না। আস্তে আস্তে বিছানার ওপর বসল। আন্দাজে হাত বাড়িয়ে শমিতার কপাল স্পর্শ করে বলল, 'কি শরীর খারাপ?'

কোন উত্তর নেই। শমিতা বোধহয় ঘুমাচ্ছে। পোশাক ছেড়ে বিজিত শুয়ে পড়ল।

এখান থেকে কাছের শহর প্রায় মাইল সাতেক। ঠিক করল, শমিতাকে নিয়ে ডাক্তারের কাছে চলে যাবে। এ অসুস্থতার চিকিৎসা করা দরকার। অবহেলা করলে হয়তো রোগ, যদি কোন রোগই হয়, অবনতির পথে যাবে।

বিজিত ভেবেছিল খুব ভোরে উঠবে। দেবাশিসবাবু যাবার আগে একবার তাঁর সঙ্গে দেখা করবে। কিন্তু বিজিতের ঘুম ভাঙতে অনেক দেরী হয়ে গেল। মুখ হাত ধুয়ে দেবাশিসবাবুর ঘরে গিয়ে দেখল, তিনি নেই। চলে গেছেন। মংলুও

বলল, নতুন সাবেহকে বাহাদুর খুব ভোরে নিয়ে গেছে।

শমিতা অঘোরে ঘুমাচ্ছে। তাকে ডাকতে বিজিতের মায়া হ'ল।

বিজিত ভাবল, শমিতাকে এতটা পথ না নিয়ে গিয়ে ডাক্তারকে নিয়ে এলে হয়। এখানে সময় নিয়ে ভাল করে দেখতে পারবেন।

ঘরের মধ্যে অপূর্ব সুরভি। দেবাশিসবাবুর জামাকাপড়ে বিজিত এই সুবাস পেয়েছিল! কোন বিদেশী সেন্ট। উগ্র নয়, মদির সুরভি। বালিশটা তুলে নিয়ে বিজিত আঘ্রাণ করল, তারপর বালিশটা নামাতে গিয়েই থেমে গেল। নীল রংয়ের একটা কাগজ। তাতে কয়েক ছত্র লেখা। এ কাগজ বিজিতের। টেবিলের ওপর একটা প্যাড ছিল, কিন্তু কে লিখল এ কাগজে! কৌতূহলের বশে বিজিত কাগজটা তুলে নিল।

অল্প অল্প করে মুখে রক্তের সঞ্চার হল। বিজিত দাঁত দিয়ে ঠোঁট চেপে নিজেকে সংবরণ করার চেষ্টা করল। মনকে বোঝাল, অত অল্পে বিচলিত হওয়া অর্থহীন। এর চেয়ে কত তীব্র আঘাত আসে জীবনে। বিজিত নিজেকে সংযত করল।

চিঠিটা আবার পড়ল।

শমিতা,

তুমি যে তোমার অন্ধকার জীবন ছেড়ে নতুন জীবনে প্রবেশ করেছ, এতে আমি আন্তরিকভাবে খুশী। আশা করি, তোমার স্বামীর কাছে তোমার ফেলে আসা জীবনের সব কথাই তুমি জানিয়েছ। মিথ্যা দিয়ে, গোপনতা দিয়ে যে জীবনের শুরু, সে জীবন স্থায়ী হয় না।—সুখের হয় না।

তলায় কোন নাম নেই। হয়তো তার প্রয়োজনও নেই।

হঠাৎ বাইরে সম্মিলিত কণ্ঠের চীৎকারে বিজিত চমকে উঠল। চিঠিটা টেবিলের ওপর চাপা দিয়ে ছুটে বের হয়ে এল।

জীপ ফিরে এসেছে। বাহাদুরের সঙ্গে জন তিনেক আদিবাসী কর্মচারী।

'সাহেব, গাছকাটার একটা বড় দল ধরা পড়েছে।' বিজিতের এখনই যাওয়া প্রয়োজন। বিজিত দ্রুত পোশাক বদলে জীপে উঠে পড়ল।

মাস দুয়েক হল কাঠের চোরা চালান চলেছে। রাতের অন্ধকারে গাছ কেটে অন্ধকারে পাচার করছে। অনেক সতর্কতা সত্ত্বেও কাউকে ধরা সম্ভব হয় নি। ব্যাপারটা ওপরওয়ালার কানেও উঠেছে। বিজিতকে আরো তৎপর হবার নির্দেশ এসেছে।

একেবারে অরণ্যের প্রান্তে। রক্ষীরা চারজনকে গাছের সঙ্গে বুনো লতা দিয়ে বেঁধে রেখেছে। আশে পাশে করাত্ আর কুড়ুল।

দু-ঘণ্টা ধরে জিজ্ঞাসাবাদ চলল। বোঝা গেল, এরা উপলক্ষ্য মাত্র। পিছনে শক্তিশালী একটা দল আছে। তারা সর্বদেশে, সর্বকালে ধরা ছোঁয়ার বাইরে থাকে। তবু এরা যখন ধরা পড়েছে, তখন উপদ্রব হয়তো কিছুদিন বন্ধ থাকবে। এদের চারজনকে থানায় নিয়ে যাওয়া হল। বিজিতকে বিবৃতি দিতে হল। তারপর বিজিত ওপরওয়ালার কাছে একটা রিপোর্ট পেশ করল সব বিবরণ দিয়ে। লোক মারফৎ সে রিপোর্ট শহরে পাঠিয়ে, বিজিত যখন ফিরে এল তখন উত্তপ্ত দুপুর।

গেটের কাছে মংলু দাঁড়িয়ে। উদ্বিগ্ন মুখে।

বিজিত বুঝতে পারল, তার ফিরতে দেরী হবার জন্য শমিতা মংলুকে এখানে দাঁড় করিয়ে রেখেছে। বিজিত কৈফিয়তের সুরে বলল, 'আমার বড় দেরী হয়ে গেল রে মংলু। মাইজীও বোধ হয় খায় নি এখনও?'

মংলু একবার বিজিতের দিকে দেখল তারপর মৃদুকণ্ঠে বলল, 'মাইজীকে পাওয়া যাচ্ছে না সাহেব।'

—'পাওয়া যাচ্ছে না সেকি? পিছনের বাগানে দেখেছিস?'

—'হ্যাঁ সাহেব, সব দেখেছি। ওই ডুংরি পর্যন্ত।'

বিজিত চঞ্চলপায়ে বাংলোর মধ্যে ঢুকল। শোবার ঘর, বাথরুম, পিছনের বারান্দা, ড্রইংরুম, না কোথাও শমিতা নেই। দেবাশিসবাবু যে ঘরে শুয়েছিলেন, বিজিত সে ঘরে এসে দাঁড়াল। চিঠিটা চাপা দিয়ে গিয়েছিল

১৬—৩০ সেপ্টেম্বর, ১৯৭৪

উল্লেখযোগ্য কথিকা ও আলোচনা

আকাশবাণী কলকাতা (ক) থেকে 'বিস্মৃতপ্রায় ব্যক্তিত্ব' শীর্ষক কথিকামালায় তৃতীয় কথিকা বেতারস্থ হবে ১৬ সেপ্টেম্বর, রাত ৮টায়; কথিকাটি বলবেন সুনীল বন্দ্যোপাধ্যায়। 'সাধারণ বিজ্ঞান ঃ শিল্পে চুম্বক শক্তির ব্যবহার' কথিকাটি শ্রোতারা শুনতে পাবেন ১৭ সেপ্টেম্বর, সন্ধ্যা ৬-৩০ মিনিটে। ১৮ সেপ্টেম্বর, রাত ৮-৪৫ মিনিটে সম্প্রচারিত হবে 'এ কি বদ অভ্যেস' শীর্ষক কথিকার চতুর্থ কথিকা 'নানাভাবে রাস্তায় চলাচলের অসুবিধা সৃষ্টি করা'; কথিকাটি বলবেন বৈদ্যনাথ মুখোপাধ্যায়। 'মানব সেবায় সূর্য শক্তি' কথিকাটি প্রচারিত হবে ১৯ সেপ্টেম্বর, রাত ৮টায়; কথিকাটি বলবেন সমীরকুমার ঘোষ। 'কৃষি সহায়ক কেন্দ্র' কথিকাটি শ্রোতারা শুনতে পাবেন ২১ সেপ্টেম্বর, সন্ধ্যা ৬-৪০ মিনিটে 'কর্ম সংস্থানে স্বনির্ভরতার উপায়' শীর্ষক অনুষ্ঠানে। ২৩ সেপ্টেম্বর, রাত ৮টায় শ্রোতারা শুনতে পাবেন আজকের সমস্যার মোকাবিলায় অপসহীন হতে হবে ঃ সমাজ বিরোধীদের দমনে' কথিকা; এটি বলবেন কৃপাসিন্ধু হাইত। 'আমাদের সমাজ কি মানসিক বিকারে ভুগছে?' শীর্ষক আলোচনাটি বেতারস্থ হবে ২৫ সেপ্টেম্বর, রাত ৮-৪৫ মিনিটে; আলোচনাটিতে অংশগ্রহণ করেছেন ডঃ সুধীরকুমার নন্দী, মনকুমার সেন এবং ভবানীপ্রসাদ চট্টোপাধ্যায়। ২৭ সেপ্টেম্বর, দুপুর ১-৫০ মিনিটে 'মহিলামহল'-এ বেতারস্থ হবে 'এদের জন্য ভাবতে হবে, যে-সব মেয়েরা সমাজে অবহেলিতা' আলোচনাটি।

এ পক্ষে অন্যান্য অনুষ্ঠান

শরৎচন্দ্রের জন্মবার্ষিকী উপলক্ষে 'প্রণাম ঃ শরৎস্মৃতি' স্মৃতিচারণ অনুষ্ঠানটি বেতারস্থ হবে ১৬ সেপ্টেম্বর, দুপুর ১-৫০ মিনিটে 'মহিলামহল'-এ। স্মৃতিচারণ করবেন রাধারাণী দেবী। পরের দিন, রাত ৮-২৫ মিনিটে ডঃ জগদীশ ভট্টাচার্য রচিত 'দরদী মানুষ ঃ শরৎচন্দ্র' বিশেষ অনুষ্ঠানটি সম্প্রচারিত হবে। সুধীর সরকার রচিত 'পথের ডাকে' যাত্রাটি শ্রোতারা শুনতে পাবেন ১৮ সেপ্টেম্বর, সন্ধ্যা ৬-৩০ মিনিটে 'বিচিত্রানুষ্ঠান'-এ; যাত্রাটি পরিবেশন করেছেন শান্তিরঞ্জন ভট্টাচার্য ও সম্প্রদায়। নির্মল বসু রচিত 'আগাছা' রূপকটি প্রচারিত হবে ২০ সেপ্টেম্বর, সন্ধ্যা ৬-৪০ মিনিটে। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মবার্ষিকী উপলক্ষে 'বিদ্যাসাগর' রূপকটি বেতারস্থ হবে ২৯ সেপ্টেম্বর, রাত ৮-৩০ মিনিটে।

নিবেদন

মুদ্রণ খরচের অস্বাভাবিক বৃদ্ধির দরুণ আমরা এ বছরের "বেতার জগৎ" পূজাসংখ্যার দাম চার টাকা করতে বাধ্য হয়েছি (রেজিস্ট্রি ডাকযোগে ৫·৬৫ পয়সা)। বিশেষ সংখ্যার মূল্যে বৃদ্ধিতে আমরা আন্তরিক দুঃখিত, কিন্তু নিরুপায়।

বাৎসরিক গ্রাহকদের কাছে আমাদের সানুনয় নিবেদন তাঁরা যেন অবিলম্বে অতিরিক্ত দুই টাকা (রেজিস্ট্রি ডাকে কপি পাঠাতে হলে ৩·৬৫ পয়সা) বেতার জগৎ দপ্তরে পাঠিয়ে তাঁদের কপি সংরক্ষণ করেন।

গ্রাহকদের কাছে আমরা সহযোগিতা প্রার্থনা করি।

সম্পাদক, বেতার জগৎ



টেবিলের ওপর। চিঠিটা নেই। এদিক ওদিক চোখ ফেরাতেই দেখা গেল। চিঠি মেঝের ওপর। এলোমেলো বাতাসে একদিক থেকে আর একদিকে উড়ছে।

বিজিত নীচু হয়ে চিঠিটা কুড়িয়ে নিল। চিঠিটা হাতে করেই শিউরে উঠল। এমন তো নয় চিঠিটা শমিতার চোখে পড়েছে। তাড়াতাড়িতে চিঠিটা টেবিলের ওপর রেখে যাওয়াই বিজিতের ভুল হয়েছে।

—'মংলু, মংলু।'

মংলু পিছনেই ছিল। 'সাহেব।'

—'মাইজীর সঙ্গে তোমার দেখা হয়েছিল?'

—'হ্যাঁ সাহেব। মাইজী স্নান সেরে রান্নাঘরে এসেছিলেন। চা বিস্কুট খেলেন। আপনার কথা জিজ্ঞাসা করলেন। জানতে চাইলেন আপনি আর নতুন সাহেব এক সঙ্গে বেরিয়েছেন কিনা। তারপর ওদিকের ঘরে ঢুকলেন।'

—'কোনদিকের ঘরে? যে ঘরে নতুন সাহেব শুয়েছিলেন?'

—'হ্যাঁ, সাহেব।'

—'তারপর।'

—'তারপর আমি সাইকেল নিয়ে হাটে চলে গেলাম। ফিরে এসে আর মাইজীকে দেখতে পাচ্ছি না।'

বিজিত পাশের চেয়ারে বসে পড়ল। দেবাশিসবাবু নিঃসন্দেহে শমিতার পূর্ব পরিচিত। শুধু শমিতার সঙ্গেই নয়, অন্তরঙ্গভাবে তার জীবনের সঙ্গেও। শমিতার জীবন সম্বন্ধে বিজিত কিছু জানে না। জানবার কৌতূহলও তার ছিল না। হয়তো অভাব অনটনের জন্য, পরিবেশের চাপে তাকে অসামাজিক জীবন যাপন করতে হয়েছিল। কিছু ক্লেদ, কিছু মালিন্য তার দেহ স্পর্শ করেছিল।

কিন্তু বিজিত তার অপাপবিদ্ধ মন দিয়ে তাকে গ্রহণ করেছিল। কিছু জানতে চায়নি, কৌতূহলও দেখায়নি। একটা মানুষের জীবন সম্বন্ধে তার কতটুকু জানা যায়। কজন স্বামী-স্ত্রী পরস্পরের অবিবাহিত জীবন সম্বন্ধে ওয়াকিবহাল।

শমিতা স্বাভাবিকভাবেই বিজিতকে কিছু বলেনি। কেউ বলেও না।

জীপ গেটের বাইরে অপেক্ষা করছিল। বিজিত বাহাদুরকে ডেকে জীপে বসল। আর লুকোচুরি করে লাভ নেই। বাহাদুরকে বলে ফেলাই ভাল।

—'মাইজীকে পাওয়া যাচ্ছে না বাহাদুর।'

বাহাদুর গম্ভীর মুখে বলল, 'মংলুর কাছে শুনলাম সাহেব। কিন্ত মাইজী কোথায় যাবেন। তিনি তো রাস্তাঘাটও চেনেন না। কোনদিন একলা বের হননি।'

বাহাদুরের এ প্রশ্নের উত্তর বিজিতের জানা নেই।

শমিতা দুঃখের আগুনে ঝলসানো মেয়ে। জীবনকে সে দেখেছে। পৃথিবীর বিবরে বিবরে যেখানে কুটিলতা সহস্রফণা নাগিনীর মতন উদ্যত-ছোবল, তার স্বরূপও তার অজানা নয়। গৃহের নিরাপদ আশ্রয় ছেড়ে শমিতা এভাবে পথে বের হবে এ যেন বিশ্বাসযোগ্য নয়।

যতটা সম্ভব অরণ্য তন্ন তন্ন করে খোঁজা হল। বিজিত কি ভেবে স্টেশন পর্যন্ত চলে গেল। সেখানে খোঁজ নিয়ে জানল, সকাল থেকে যে দুখানা ট্রেন ছেড়েছে, কলকাতার দিকে কিংবা ভিন্ন মুখে তাতে কোন মেয়ে এখান থেকে ওঠেনি।

সারা রাত বিজিত ছটফট করল। বাইরে প্রকৃতির তাণ্ডব নর্ত্তনে বিজিতের উদ্বিগ্ন অশান্ত হৃদয়ের প্রতিচ্ছবি। উন্মত্ত বাতাসে শাল মহুয়ার ডাল ভেঙে পড়ল, নীড়হারা পাখীদের আর্তস্বর ডুবে গেল বাজের গর্জনে, বাংলোর ভিত্তিমূল ধরে কে যেন সবেগে নাড়া দিল। বিজিত বিজ্ঞানের ছাত্র। সে নিয়তি মানে না। কিন্তু ক্ষণেকের জন্য তার মনে হল দেবাশিস গুপ্ত নিয়তির রূপ ধরে তার সংসারে প্রবেশ করেছিল।

ভোরবেলা খোঁজ পাওয়া গেল।

সব ব্যাপারটা জানিয়ে বিজিত দিন দশেকের ছুটির দরখাস্ত করল। সেটা বাহাদুর মারফৎ ডাকবাক্সে ফেলবার জন্য বাইরে এসেই থেমে গেল।

বাহাদুরকে ঘিরে গোটা ছয়েক আদিবাসী।

—'কি হল?'

বাহাদুর কাছে এসে মাথানীচু করে দাঁড়াল। 'মাইজীর খোঁজ পাওয়া গেছে সাহেব।'

'কোথায়?'

নিজের কণ্ঠ বিজিতের কানে অদ্ভুত শোনাল।

—'ফুলডোবাতে। এরা বলছে।'

একটা পাহাড়ী নদীর নাম ফুলডোবা। এখান থেকে প্রায় মাইল চারেক।

আদিবাসীরা ঠিক দেখেছে। শমিতাকে ফুলডোবাতেই পাওয়া গেল। পরণে হালকা সবুজ রঙের শাড়ী, গোলাপী ব্লাউজ, এলোচুল, মুখের ভাবে সুগভীর প্রশান্তি।

পাওয়া যেত না, গাছের শিকড়ে আটকে ছিল দেহটা।

নিজের সঙ্গে শমিতা সারাজীবন যুদ্ধ করে ক্ষতবিক্ষত। কিন্ত তার মুখে কোথাও সে সংঘর্ষের চিহ্নমাত্র নেই।

পরের রাত্রে শমিতা এসেছিল।

চেয়ারে বিজিত চুপচাপ বসেছিল। ক্লান্ত, অবসন্ন। বিছানায় গিয়ে লাভ নেই। ঘুমের আশা দুরাশা।

সাত মাসের বিবাহিত জীবনের পরিসমাপ্তি।

এই স্বল্প-পরমায়ু, ঘরবাঁধা আর ঘরভাঙার কথাই বিজিত ভাবছিল।

হঠাৎ খুট করে শব্দ হতে বিজিত মুখ তুলল।

ঘরে নীলাভ বাতি। আলোর চেয়ে অন্ধকার বেশী।

জানলার শার্সির ওপারে শমিতা। একদৃষ্টে বিজিতের দিকে দেখছে। কিছু কি বলতে চায়? কোন কৈফিয়ত না দিয়ে সংসার ছেড়ে চলে গিয়েছিল, তাই বুঝি শেষ কথা বলতে এসেছে।

—'শমিতা।'

চেয়ার ছেড়ে বিজিত উঠে দাঁড়াল। জানলার দিকে এগিয়ে গেল। আশ্চর্য কেউ নেই। শার্সির ওপারে বোগেনভিলর ডালগুলো অল্প বাতাসে কাঁপছে।

আবার বিজিত চেয়ারে গিয়ে বসল। সে কি করে ভাবতে পারল, মৃত্যুর ওপার থেকে আবার শমিতা এসে জীবনের অঙ্গনে দাঁড়াবে।

কপালের দুটো পাশে অসহ্য যন্ত্রণা। দপদপ করছে শিরাগুলো।

বিজিত বারান্দায় এসে দাঁড়াল।

বাইরে নিকষকালো অন্ধকার। বিজিতের মনে হল অরণ্য যেন ধীরে ধীরে তাকে গ্রাস করছে।

দিনের বেলা সম্পূর্ণ স্বাভাবিক।

বিজিত ছুটির দরখাস্ত তুলে নিয়েছে। ছুটির তার দরকার নেই। ছুটি নিয়ে মায়ের মুখোমুখি গিয়ে দাঁড়াতে হবে। কি বলবে? কেন শমিতা সরে গেল, তার জীবন থেকে, পৃথিবী থেকে।

মাকে কিছু সে জানায় নি। কি হবে জানিয়ে। একটা মানুষের স্মৃতি সম্বল করে মা বেঁচে আছেন। কি হবে তাঁর জীবনে আর এক শোকের ছায়া ফেলে।

দিনের আলো বিজিতের ভাল লাগে না। রাতের অন্ধকার নামার অপেক্ষায় সে ব্যাকুল।

রাতের অন্ধকারে শমিতা আসে। সান্ত্বনা দিতে? বিজিতের একাকীত্ব ঘোচাতে, নাকি তাকে কাছে ডাকতে।

বিজিত জানে, শমিতা নয়, শমিতার চিন্তা, শমিতার স্মৃতি।

তবু তো বিজিতের নিঃসঙ্গতা কাটে।

বিনিদ্র রজনী মধুর একটা কল্পনায় ভরে ওঠে।

শমিতা আসুক। শমিতাকে তার প্রয়োজন। এ শমিতা কোনদিন জীবন থেকে হারিয়ে যাবে না। কোন আপদ, কোন কলঙ্ক, গত জীবনের ভুল পদক্ষেপ এ শমিতাকে সরিয়ে নিতে পারবে না।

(সমাপ্ত)

ভিস্যুয়াল আর্টিস্ট (এনিমেশন) (কন্ট্রাক্ট স্টাফ)-পদের জন্যে ডিরেক্টর টেলিভিশন সেন্টার, আকাশবাণী, নয়া দিল্লী কর্তৃক দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

কাজের বিবরণঃ ক্যাপশন, চার্ট, ম্যাপ এবং মডেল-এর ন্যায় গ্রাফিক সামগ্রীর প্রস্তুতি; দ্রব্যসামগ্রীর ক্রয় এবং সরবরাহ; প্রকাশের জন্যে ক্যাপশন এবং টাইটেল তৈরী প্রভৃতি।

যোগ্যতাবলীঃ হায়ার সেকেণ্ডারী অথবা প্রবেশিকা, অনুমোদিত শিল্প-প্রতিষ্ঠান থেকে ডিপ্লোমা, অ্যানিমেটেড কার্টুনস অঙ্কন এবং স্কেচ্ তৈরীর অভিজ্ঞতা, ইংরেজী ও হিন্দীসহ সংশ্লিষ্ট অঞ্চলের ভাষায় দখল (একের অধিক ভারতীয় ভাষায় জ্ঞান থাকলে অগ্রাধিকার দেওয়া হবে)।

বয়সঃ ১.৭.৭৪ তারিখে ৪০ বছরের কম (কেন্দ্রীয় ও রাজ্য সরকারের কমুনিকেশন্ মিডিয়া ইউনিটের কর্মীদের ক্ষেত্রে প্রযোজ্য নয়।)

ফি স্কেলঃ ২১৫-১০-২৪৫-১৫-৩৮০-২০-৪৮০ টাকা। তদুপরি কন্ট্রাক্ট স্টাফদের ক্ষেত্রে সময়ান্তরে প্রদেয় অন্যান্য ভাতাসমূহ।

প্রার্থীদের সাক্ষাৎকারের জন্য নয়া দিল্লীতে নিজ খরচে উপস্থিত হতে হবে।

সরকারী কর্মরত প্রার্থিগণ নিয়মানুগ পদ্ধতিতে আবেদনপত্র প্রেরণ করবেন।

মনোনীত প্রার্থীদের আকাশবাণীর যে কোন টেলিভিশন সেন্টারে বদলী করা হতে পারে।

মনোনীত প্রার্থিগণ প্রয়োজনীয় বিধিনিয়মাবলী সম্পূর্ণকরণসাপেক্ষে প্রথমে নবীকরণযোগ্য ছয় মাসের চুক্তিতে নিযুক্ত হবেন। তারপর নির্ধারিত বেতনহারে দুই বৎসরের শিক্ষানবিশীকাল সহ তিন বৎসরের চুক্তিতে স্টাফ আর্টিস্ট হিসেবে নিযুক্ত হবেন। সফলতার সঙ্গে শিক্ষানবিশীকাল সমাপ্ত হলে ৫৫ বৎসর বয়স পর্যন্ত দীর্ঘমেয়াদী চুক্তির জন্য তাঁরা বিবেচিত হবেন।

সাদা কাগজে পুরা নাম, ঠিকানা, জন্ম-তারিখ, প্রার্থিতপদ, শিক্ষাগত এবং পেশাগত যোগ্যতাবলী, অভিজ্ঞতা, বর্তমান চাকুরী ইত্যাদি লিখে প্রয়োজনীয় সার্টিফিকেটসহ (শুধুমাত্র প্রত্যায়িত নকল), আকাশবাণীতে পূর্বে কোন পদের জন্য আবেদন করা থাকলে তার বিবরণসহ এবং আকাশবাণী/টেলিভিশন সেন্টারে কর্মরত কোন আত্মীয় থাকলে তাঁর বিবরণসহ ডিরেক্টর টেলিভিশন সেন্টার, আকাশবাণী ভবন, পার্লামেন্ট স্ট্রীট, নয়া দিল্লী এই ঠিকানায় এমনভাবে পাঠাতে হবে যেন সেটি ২০.৯.৭৪ তারিখ বা তার পূর্বে উক্ত ঠিকানায় পৌঁছায়।

মনোনীত হওয়ার পর যদি কোন সময় দেখা যায় যে, প্রার্থী ইচ্ছাকৃতভাবে প্রয়োজনীয় সংবাদ গোপন করেছেন তাহলে তাঁর প্রার্থীপদ বাতিল হয়ে যাবে।

নির্দিষ্ট দিনের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র কোনক্রমেই গ্রহণ করা হবে না। পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য আহ্বান করা হলে উচ্চতর যোগ্যতা ও অধিকতর অভিজ্ঞতাবিশিষ্ট প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

সুপ্রসিদ্ধ সুরকার কমল দাশগুপ্তের মৃত্যুতে সংগীতজগতে যে অপূরণীয় ক্ষতি হল, তা কোনদিন পূরণ হবার নয়।

দীর্ঘ বিশ বছরেরও বেশী আমি কমল দাশগুপ্তের কাছে সংগীত সাধনা করেছি। আমার শিল্পী জীবনে, যতটুকু সফলতা লাভ করেছি, সবই তাঁর দান। তাঁরই সুরে নানা ভাষায়, নানা ভাবে ও ছন্দে এইচ. এম. ভি. কোম্পানীতে রেকর্ড করে প্রতিষ্ঠিত হয়েছি। আমার সমস্ত রেকর্ডের সুর তাঁরই দেওয়া। মীরা" ও "কবীর" ভজনে অভিনব ও ভক্তিরসপূর্ণ সুর দিয়ে, তিনি নতুন ভাবধারা প্রবর্তন করেছেন। কমল দাশগুপ্ত শুধু সুরকারই ছিলেন না, তিনি ছিলেন সুগায়কও, সংগীত নির্দেশক, বিচক্ষণ সংগীত বিচারক এবং লেখকও। অনেক হিন্দী ও বাংলা গান তিনি রচনা করেছেন। এছাড়া, হিন্দী ও উর্দু ভাষার উপর তাঁর অসম্ভব দখল ছিল। সেই কারণে তিনি হিন্দী গানে ও উর্দু নাতে নির্ভুলভাবে সুর রচনা করতেন।

যদিও আজ তিনি আমাদের মধ্যে নেই, কিন্তু তিনি চিরদিন সুরের জগতে অমর হয়ে থাকবেন তাঁর অতুলনীয় ভাবময় ঐশ্বরিক সুর মাধুর্যে যে সুর ভুলবার নয়, যা কোনদিন পুরানো হয় না, যে সুর শুনলে মন সকল দুঃখ ভুলে ভাবের রাজ্যে উধাও হয়, সেই সুরের রাজা ছিলেন কমল দাশগুপ্ত।

যূথিকা রায়

কমল দাশগুপ্ত স্মরণে

ত্রিশ ও চল্লিশের দশকে বাংলা গানের সুরকার ও সংগীত পরিচালকরূপে জনপ্রিয়তার শীর্ষে উঠেছিলেন কমল দাশগুপ্ত। গত ২০শে জুলাই, ১৯৭৪ ঢাকায় তাঁর জীবনাবসানের সঙ্গে সঙ্গে যেন একটা যুগের অবসান হল।

কমল দাশগুপ্তের আদি নিবাস ছিল যশোহর জেলার বেন্দা গ্রামে। পিতা তারাপ্রসন্ন দাশগুপ্ত সংগীত ও সাহিত্যানুরাগী ছিলেন। তাঁর সন্তানদের মধ্যেও এই অনুরাগ সঞ্চারিত হয়। কমলবাবুর জ্যেষ্ঠ ভ্রাতা বিমল দাশগুপ্তের সুরে বহু গান এদেশে গ্রামোফোনের আদি যুগে জনপ্রিয়তা লাভ করে। পরে তিনি যাদুকর হিসাবে প্রসিদ্ধি লাভ করেন। কমলবাবুর গান শেখার শুরু জ্যেষ্ঠ ভ্রাতার কাছেই। পরে তিনি কৃষ্ণচন্দ্র দে-র শিষ্যত্ব গ্রহণ করেন এবং জমিরুদ্দিন খাঁ সাহেবের কাছেও উচ্চাঙ্গ সংগীতের তালিম নেন। কমলবাবুর ছোট ভাই সুবল দাশগুপ্তও সুরকার ও কণ্ঠশিল্পী হিসাবে খ্যাতি অর্জন করেছিলেন। তিনিও জ্যেষ্ঠ ভ্রাতার মত অল্প বয়সে পরলোকগমন করেন। কমলবাবুর সহোদরাও কণ্ঠশিল্পী ছিলেন। ইনিও অল্প বয়সে লোকান্তরিতা হন। পাঁচ ভাই-এর মধ্যে কমলবাবু ছিলেন তৃতীয় এবং ইনিই ভাইদের মধ্যে সর্বাধিককাল (প্রায় পয়ষট্টি বছর) বেঁচেছিলেন।

অগ্রজ বিমল দাশগুপ্তের চেষ্টায় কমলবাবু হিজ মাস্টার্স ভয়েস কোম্পানীতে শিল্পী ও ট্রেনার হিসাবে যোগদান করেন। অনতিকালের মধ্যেই তিনি কাজী নজরুল ইসলামের স্নেহার্জন করেন এবং তাঁর সহযোগিতায় বহু গানে সুরারোপ করে তখনকার দিনের শ্রেষ্ঠ সুরকার হিসেবে স্বীকৃতি পান। সেই সময় এ গানগুলি সরল অথচ আন্তরিকতাপূর্ণ আবেদনে সহজেই জনপ্রিয়তা লাভ করে। কাজী নজরুলের বহু উল্লেখযোগ্য গানে ইনি সুরারোপ করেন। কমলবাবুর উপর নিজের রচনায় সুর দেবার ভার দিয়ে কাজীসাহেব সব সময় নিশ্চিন্ত থাকতেন। কাজী সাহেবের রচনায় কমল দাশগুপ্তের সুর দেওয়া কয়েকটি উল্লেখযোগ্য গানের প্রথম কলি—'আমি পুরব দেশের পুরনারী', 'জানি জানি প্রিয়', 'চমকে চমকে ধীর ভীরু পায়', 'তুমি হাতখানি যবে', 'মোর প্রিয়া হবে এস রাণী', 'প্রজাপতি প্রজাপতি কোথায় পেলে' প্রভৃতি।

কাজী নজরুল ছাড়া রেকর্ডে আর যাঁদের গানে তিনি সুরারোপ করে খ্যাতি লাভ করেন তাঁদের মধ্যে উল্লেখ্য শ্রীসুবোধ পুরকায়স্থ, শ্রীপ্রণব রায়, স্বর্গত কবি শৈলেন রায়, স্বর্গত নরেশ্বর ভট্টাচার্য এবং শ্রীমোহিনী চৌধুরী। প্রণব রায়ের লেখা—'আমি ভোরের যূথিকা', 'সাঁঝের তারকা আমি' প্রভৃতি গান শ্রীমতী যূথিকা রায়ের কণ্ঠে সর্বজনপ্রিয় হয়। এছাড়া যে-সব শিল্পী কমলবাবুর সুরে ও ট্রেনিং-এ রেকর্ড করে সেকালে অপরিসীম জনপ্রিয়তা অর্জন করেন তাঁদের মধ্যে আছেন—জগন্ময় মিত্র, সুধীরলাল চক্রবর্তী, সত্য চৌধুরী, বীণা চৌধুরী, ধনঞ্জয় ভট্টাচার্য প্রমুখ কণ্ঠশিল্পীরা।

এর পর চল্লিশ দশকে কমল দাশগুপ্ত এলেন চিত্রজগতে সংগীত পরিচালকরূপে। প্রথম ছবিই (গরমিল) গানে সুপার হিট্ হয়। পর পর পাঁচ-ছয় বছরে যে কয়টি ছবিতে তাঁর সুরারোপিত গান বাংলার আকাশ বাতাস মুখরিত করে তোলে তাদের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য ছবিগুলি হল—শেষ উত্তর, ভাবিকাল, শ্রীকৃষ্ণচৈতন্য, সহধর্মিণী, নন্দিতা, চন্দ্রশেখর ও হিন্দী ছবি—জবাব, হস্‌পিটাল, মেঘদূত, রাণী ইত্যাদি।

চলচ্চিত্র ছাড়াও তিনি কয়েকটি নাটকে সংগীত পরিচালকের কাজ করে সমান সফলতা অর্জন করেন। তার মধ্যে বিশ্বরূপা থিয়েটারে অভিনীত তারাশঙ্করের 'আরোগ্য নিকেতন' উল্লেখযোগ্য। এই নাটকের চারখানি গানই গেয়েছিলেন প্রবীণা শিল্পী শ্রীমতী কমলা ঝরিয়া।

শুধু সুরকার বা সংগীত পরিচালক রূপেই নয়, শিল্পী হিসাবেও কমলবাবু জনসাধারণের হৃদয় জয় করেছিলেন। শ্রীমতী যূথিকা রায়ের সঙ্গে দ্বৈতকণ্ঠে গাওয়া তার হিন্দী ভজনগুলি এককালে সারা ভারতে খ্যাতি অর্জন করে। তাঁর কণ্ঠে গীত নজরুলের গান 'গভীর নিশীথে ঘুম ভেঙে যায়' রেকর্ডটি হয়ত আজও অনেকের সংগ্রহে আছে।

ছোট ভাই সুবল মারা যাবার পর কমলবাবু হালসীবাগান থেকে উঠে আসেন হরতকীবাগানে; সাথে ছিলেন বৃদ্ধা মা আর ছোট বোন ইন্দিরা। হরতকীবাগানে থাকাকালীন মা গত হন। ভাইয়েরা পূর্বেই স্বর্গত হয়ে-

(এর পর ৭৬৪ পৃষ্ঠায়)

পূজায় সর্বভারতীয় শাড়ীর আয়োজন হয়েছে !!
বেনারসী সিল্ক তাঁত বস্ত্র ছিট কাপড়
শৈলেলাল মনিলাল
বহুবাজার শ্যামবাজার
ফোন-৩৪-২১২৬ ফোন-৫৫-২০০৭
বিবাহের বিছানা শাল আলোয়ান

এ মাসের গান

হায়রে হায় সজনী
যাক্ না যাক্ রজনী
কি আসে যায় তোমারি
আমারি এ-ব্যথা
তুমিতো বোঝনি॥

আমিতো আঁধারে পড়েছি বাঁধারে
যে-ধারে তাকাই সবি ধাঁধারে,
কেন যে সুরে সুরে হায়
কোথায় ভাসায়
মন-তরণী॥

হায়রে হায় সজনী
হয়তো শেষ হবে রজনী,
তুমি কোথায় আর আমি কোথায়
কোথায় ভাসাবে মন তরণী॥

না পারি সহিতে না পারি কহিতে
আমার এ-জীবন শুধু বেদনা বহিতে
আমারি সবি যেন দায় সে চায় বিদায়
আমায় দ্বিধায়—
কেন সে বলেনি?

গীতিকার ঃ **মিন্টু ঘোষ**

সুরকার—**সুকুমার মিত্র**

শিল্পী ঃ **ভারতী করচৌধুরী**

এ মাসের গান—সেপ্টেম্বর, ১৯৭৪
বাঁদিক থেকে ঃ সুরকার—সুকুমার মিত্র, শিল্পী ঃ ভারতী করচৌধুরী, গীতিকার—মিল্টু ঘোষ

II জ্ঞা	-া	রা	মজ্ঞা	-া	রা	সা	ণ্া	ণ্া	সা	সা	-া	-া	-া
হা	য়্	রে	হা০	০	০	য়্	স	জ	০	নী	০	০	০
যা	ক্	না	যা০	০	০	ক্	র	জ	০	নী	০	০	০
সা	-া	রা	গা	-া	মা	-া	গা	গা	পা	মা	-া	-া	-া
কি	০	আ	সে	০	যা	য়্	তো	মা	০	রি	০	০	০
গা	গা	-া	মা	-া	গা	মা	পমা	জ্ঞা	-া	-া	-া	-া	-া
আ	মা	০	রি	০	এ	ব্য	থা০	০	০	০	০	০	০
ধ্া	ণ্া	সা	গা	মধা	পধা	মজ্ঞা II							
তু	মি	তো	বো	ঝো০	নি০	০							

II মা	মা	-া	মা	-া	পধপা	মা	পা	ধা	-া	-া	-া	-া	-া
আ	মি	০	তো	০	আঁ০০	০	ধা	রে	০	০	০	০	০
রা	রা	-া	রা	-া	রা	ধা	ধা	ধপমা	জ্ঞমা	জ্ঞ	-া	-া	-া
প	ড়ে	০	ছি	০	বাঁ	০	ধা	রে০০	০০	০	০	০	০
জ্ঞা	জ্ঞা	-া	জ্ঞা	পা	পা	ণা	ণর্সণা	ধা	-া	-া	-া	-া	-া
যে	ধা	০	রে	০	তা	০	কা০০	০	০	০	০	০	ই
র্জ্ঞা	র্জ্ঞা	-া	র্জ্ঞা	-া	র্জ্ঞা	র্সা	র্সা	ণা	-া	-া	-া	-া	-া
স	বি	০	ধাঁ	০	ধা	০	রে	০	০	০	০	০	০
ণা	পমা	জ্ঞরা	রা	রা	রা	রা	রা	জ্ঞপা	পা	পজ্ঞা	রসা	সা	-া
কে	ন০	যে০	সু	রে	সু	রে	হা	০য়্	কো	থা০	০য়্	ভা	০

সা রমা মা | মরা সণ্‌া | ণ্‌রা সণ্‌া | ধ্‌া -া -া | -া -া | -া -া
সা ০য় আ | শা০ ০য়্ | আ০ ০০ | শা ০ ০ | ০ ০ | ০ য়্

ধ্‌া ণ্‌া সা | গা মধা | পধা মা II
ম ন ত | র ০০ | নী০ ০

II ধ্‌া -া ধ্‌া | ধ্‌া -া | ধ্‌া মা | মা মরা সণ্‌সা | ণ্‌া -া | -া -া
হা য়্ রে | হা ০ | ০ য়্ | স জ০ ০০০ | নী ০ | ০ ০

ণ্‌া রা রা | রা -া | রা রগা | গা গরা সরা | সা -া | -া -া
হ য়্ তো | শে ষ্ | হ বে০ | র জ০ ০০ | নী ০ | ০ ০

সা রা গা | মা -া | মা -া | পা গা রসা | রা -া | -া -া
তু মি কো | থা য়্ | আ র্ | আ মি কো০ | থা ০ | ০ য়্

ণ্‌া রা -া | রা রা | রা জ্ঞপা | পা জ্ঞসা সা | সা -া | সা রমা
কো থা য়্ | ভা সা | বে ০০ | ম ন০ ত | র ০ | নী ০০

ধ্‌া -া ধ্‌া | ধ্‌া -া | ধ্‌া মা | মা মরা সণ্‌সা | ণ্‌া -া | -া -া
হা য়্ রে | হা ০ | ০ য়্ | স জ০ ০০০ | নী ০ | ০ ০

ণ্‌া রা রা | রা -া | রা রগা | গা গরা সরা | সা -া | -া -া
হ য় তো | শে ষ্ | হ বে০ | র জ০ ে০ | নী ০ | ০ ০

মা মা -া | মা -া | পধপা মা | পা ধা -া | -া -া | -া -া
না পা ০ | রি ০ | স০০ ০ | হি তে ০ | ০ ০ | ০ ০

রা রা -া | রা রা | রা ধা | ধা ধপমা জ্ঞমা | জ্ঞা -া | -া -া
না পা ০ | রি ০ | ক ০ | হি তে০০ ০০ | ০ ০ | ০ ০

জ্ঞা জ্ঞা -া | জ্ঞা পা | পা ণা | ণা ণর্সণা ধা | -া -া | -া -া
আ মা র্ | এ ০ | জী ০ | ব ন০০ ০ | ০ ০ | ০ ০

ঋা ঋা ঋা | ঋা ঋা | ঋা র্সা | র্সা র্সণা ণা | -া -া | -া -া
শু ধু বে | দ না | ব ০ | হি তে০ ০ | ০ ০ | ০ ০

ণা পমা জ্ঞরা | রা রা | রা রা | রা জ্ঞপা পা | পজ্ঞা রসা | সা -া
আ মা০ রি০ | স বি | যে ন | দা ০য়্ সে | চা০ ০য়্ | বি ০

সা রমা মা | মরা সণ্‌া | ণ্‌রা সণ্‌া | ধ্‌া -া -া | -া -া | -া -া
দা ০য়্ আ | মা০ ০য়্ | দ্বি০ ০০ | ধা ০ ০ | ০ ০ | ০ য়

ধ্‌া ণ্‌া সা | গা মধা | পধা মা II
কে ন সে | ব লে০ | নি০ ০

চীজব্রো পণ্ডস ইনক ([illegible])

কলকাতা

ক

শিলিগুড়ি ও আগরতলা

*

প্রথম অধিবেশন

৫-৫৫ বন্দেমাতরম্
৬-০০ সুভাষিত
৬-০৫ সংগীতাঞ্জলি
৬-২৫ চাষীভাইদের বলছি ঃ কথিকা
৬-৩০ সুবন্ধ সংগীত ঃ খেয়াল
বি. আর. দেওধর—কুকুভ বিলাবল, হামীর বিলাবল ও লক্ষ্মী টোড়ি
৬-৪৫ দেশবন্দনা
৬-৫৫ গীটার
৭-০০ রাগপ্রধান +
৭-১০ আবহবার্তা ও অনুষ্ঠান পরিচিতি
৭-১৫ ছবি বন্দ্যোপাধ্যায়
ভক্তিগীতি
৭-২৫ বাংলা সংবাদ
৭-৩৫ স্থানীয় সংবাদ (বাংলা)
৭-৪০ বাণী ঠাকুর—রবীন্দ্রসংগীত
৮-০০ বাংলা কথিকা/সংগীত
৮-০৫ ক্যালকাটা ইয়ুথ ক্যয়ার ঃ
লোকগীতি
৮-১৫ তরুণ বন্দ্যোপাধ্যায়
আধুনিক
৮-৩০ উমা দে—খেয়াল
৯-০০ বাংলা সংবাদ
৯-০৫ বিভা সেনগুপ্ত ও সহশিল্পিবৃন্দ—রবীন্দ্রসংগীত
৯-১৫ আঙ্গুরবালা
নজরুলগীতি
৯-৩০ সংবাদ বিচিত্রা
৯-৪৫ সমরেশ রায়—রবীন্দ্রসংগীত
১০-০০ ইংরেজী সংবাদ
১০-০২ অবকাশরঞ্জন +
১০-০৫ দীপ্তি মুখোপাধ্যায়
খেয়াল
১০-৩৫ তিমিরবরণ—সরোদ
১১-০০ সমাপ্তি

দ্বিতীয় অধিবেশন

১২-৩০* রবীন্দ্রসংগীত +
বিরহ
১২-৫০ নজরুলগীতি +
ধীরেন বসু
১-০০ ওস্তাদ নিসার হোসেন খাঁ
খেয়াল (গুর্জরি)
১-৩০ বাংলা সংবাদ
১-৪০ আঞ্চলিক সংগীত
১-৫০ মহিলামহল
প্রণাম ঃ শরৎস্মৃতি ঃ শরৎচন্দ্রের জন্মবার্ষিকী উপলক্ষে স্মৃতিচারণ—রাধারাণী দেবী; শরৎচন্দ্রের লেখা গল্প পাঠ—উষা ভট্টাচার্য; গান
২-২৬ আবহবার্তা
২-৩০ বিদ্যার্থীদের জন্য
(ষষ্ঠ শ্রেণী)
২-৫০ গীটার
৩-০০ অনুরোধের আসর +
৩-৩০ সমাপ্তি

তৃতীয় অধিবেশন

৪-১৫ স্পোর্টস সার্ভিস
৫-৫০ মালতী মুখোপাধ্যায়
লোকগীতি
(শিলিগুড়ি ও আগরতলা ঃ ৫-১৫ মিঃ সেনাবাহিনীর জন্য অনুষ্ঠান; অতঃপর সংগীত +; ৬টায় ইংরেজী সংবাদ; ৬-০৫ মিঃ হিন্দী সংবাদ; শিলিগুড়ি ঃ ৫-৫৫ মিঃ স্থানীয় ঘোষণা ও অনুষ্ঠান পরিচিতি)
৬-০০ স্থানীয় ঘোষণা ও আবহবার্তা
৬-০৫ গীটার
৬-১০ মজদুরমণ্ডলী
জানা দরকার ঃ শ্রমবিরোধ আইন ঃ কথিকা—এল. এন. মণ্ডল; ভজন +; আজকের কথা
৬-৩০ তরজা
৬-৫৫ কৃষিকথার আসর
গ্রামাঞ্চলের কথা; কৃষিকথার সাপ্তাহিক পর্যালোচনা; আলোচনা; চিঠির উত্তর; দৈনিক বাজার দর; আবহাওয়ার খবর
৭-২৫ কীর্তন +
৭-৩৫ বাংলা সংবাদ
৭-৪৫ সমীক্ষা
৭-৫০ স্থানীয় সংবাদ (বাংলা)
৮-০০ বিস্মৃতপ্রায় ব্যক্তিত্ব (৩)
বাংলা কথিকা—সুনীল বন্দ্যোপাধ্যায়
৮-১৫ আঙ্গুরবালা—পুরাতনী
৮-৩০ সাময়িক প্রসঙ্গ/সংগীত
৮-৪৫ প্রতাপ রায়—আধুনিক
৯-০০ উমা দে—খেয়াল
৯-৩০ অনুরোধের আসর +
(রবীন্দ্রসংগীত)
১০-০০ সংবাদ পরিক্রমা
১০-০৫ বাংলা সংবাদ
১০-১৫ ছবি বন্দ্যোপাধ্যায়
পদাবলী কীর্তন
১০-৩০ ক্যালকাটা ইয়ুথ ক্যয়ার ঃ
লোকগীতি
১০-৪০ বাণী ঠাকুর—রবীন্দ্রসংগীত
১০-৫০ তরুণ বন্দ্যোপাধ্যায়
আধুনিক
১১-০০ আবহবার্তা ও সমাপ্তি

কলকাতা খ

প্রথম অধিবেশন

৫-৫৫ কলকাতা ক-এর অনুরূপ
৬-০০ হিন্দী সংবাদ
৬-০৫ নরোত্তম দাস বাউল
লোকগীতি
৬-২০ বাংলা সংবাদ
৬-৩০ কলকাতা ক-এর অনুরূপ
৭-০০ ইংরেজী সংবাদ
৭-০৫ অবকাশরঞ্জন +
৭-১০ কলকাতা ক-এর অনুরূপ
৭-৪০ অবকাশরঞ্জন +
৭-৪৫ হিন্দী শিক্ষা
৮-০০ হিন্দী সংবাদ
৮-১০ ইংরেজী সংবাদ
৮-২০ ছবি বন্দ্যোপাধ্যায়
অতুলপ্রসাদের গান
৮-৩০ কলকাতা ক-এর অনুরূপ
৯-০০ সংস্কৃত সংবাদ
৯-০৫ নিউজ লেটার ইন ইংলিশ
৯-১০ সমাপ্তি

দ্বিতীয় অধিবেশন

১-০০ ইংরেজী সংবাদ
১-০৫ হাইলাইটস্ অব ওয়েস্টার্ন মিউজিক
১-০৬ পাশ্চাত্য সংগীত +
২-০০ ইংরেজী সংবাদ
২-১০ পাশ্চাত্য সংগীত +
২-৩০ মন্থর গতিতে ইংরেজী সংবাদ
৩-০০ সমাপ্তি

তৃতীয় অধিবেশন

৬-০০ ইংরেজী সংবাদ
৬-০৫ স্থানীয় ঘোষণা ও আবহবার্তা
৬-১০ রবীন্দ্রনাথ বসু ও সহশিল্পিবৃন্দ—রবীন্দ্রসংগীত
৬-২০ মায়া বন্দ্যোপাধ্যায়
শ্যামাসংগীত
৬-৩০ ক্যালকাটা ইয়ুথ ক্যয়ার ঃ
লোকগীতি
৬-৪০ সমরেশ রায়—নজরুলগীতি
৬-৫৫ গীটার
৭-১৫ বাণিজ্যবার্তা
৭-৩০ যন্ত্রসংগীত +
৭-৩৫ উমা দে—ঠুংরী
৭-৫০ প্রতাপ রায়—শ্যামাসংগীত
৮-০০ ইংরেজী সংবাদ (খেলাধুলা)
৮-০৫ তরুণ বন্দ্যোপাধ্যায়
রাগপ্রধান
৮-১৫ সংবাদ বিচিত্রা
৮-২৫ রবীন্দ্রসংগীত
৮-৩৫ অতুলপ্রসাদের গান +
৮-৪৫ হিন্দী সংবাদ
৯-০০ ইংরেজী সংবাদ
৯-১৫ উল্লেখ্য অনুষ্ঠান
৯-২৫ অবকাশরঞ্জন +
৯-৩০ সেকটোরাল ডেফিসিয়েন্সিস ইন দি ইন্ডাস্ট্রিয়াল ডেভেল্যাপমেন্ট অব ইন্ডিয়া (৩)
দি কো-অপারেটিভ সেকটর:
ইংরেজী আলোচনা
৯-৫০ রজত নন্দীস ক্যারাভ্যান ঃ
ইলেকট্রিক স্টীল গীটার
১০-১০ পাশ্চাত্য সংগীত
১০-৩০ দীপ্তি মুখোপাধ্যায়—খেয়াল
১১-০০ আবহবার্তা ও সমাপ্তি

কলকাতা গ

বিবিধ ভারতী অনুষ্ঠান

সকাল ৭টা—৯-৩০ মিঃ; ১০-১৫ মিঃ—১২-৩০ মিনিট; দুপুর ২টা—রাত ১১-০২ মিনিট

পূর্বাঞ্চলীয় শ্রোতাদের জন্য বিশেষ অনুষ্ঠান

(প্রথম ও দ্বিতীয় অধিবেশন ৫০৮·৫ মীঃ)

প্রথম অধিবেশন

৮-২০ বাংলা সংবাদ
(৭-২৫ মিনিটে প্রচারিত সংবাদের পুনরাবৃত্তি)
৮-৩০ দেশগান
৮-৪০ প্রতাপ রায়—আধুনিক
৮-৫০ রবীন্দ্রনাথ বসু ও সহশিল্পিবৃন্দ—রবীন্দ্রসংগীত
৯-০০ কলকাতা ক-এর অনুরূপ
৯-০৫ মালতী মুখোপাধ্যায়
লোকগীতি
৯-১৫ তিমিরবরণ—সরোদ
৯-৩০ মায়া বন্দ্যোপাধ্যায়
আধুনিক
৯-৪০ লোকগীতি
৯-৫০ নজরুলগীতি
১০-০০ সমাপ্তি

দ্বিতীয় অধিবেশন

২-৩০ মায়া বন্দ্যোপাধ্যায়
আধুনিক
২-৪০ বিভা সেনগুপ্ত ও সহশিল্পিবৃন্দ—রবীন্দ্রসংগীত
২-৫০ মালতী মুখোপাধ্যায়
লোকগীতি
৩-০০ কলকাতা ক-এর অনুরূপ
৩-৩০ রবীন্দ্রনাথ বসু ও সহশিল্পিবৃন্দ—রবীন্দ্রসংগীত
৩-৪০ দেশগান
৩-৫০ নরোত্তম দাস বাউল
লোকগীতি
৪-০০ গীটার
৪-১০ নজরুলগীতি
৪-২০ বিভা সেনগুপ্ত ও সহশিল্পিবৃন্দ—রবীন্দ্রসংগীত
৪-৩০ তিমিরবরণ—সরোদ
৫-০০ সমাপ্তি

তৃতীয় অধিবেশন

৭-২৫ কলকাতা ক-এর অনুরূপ
৮-৪৫ সমাপ্তি

চতুর্থ অধিবেশন

৯-৩০ কলকাতা ক-এর অনুরূপ
১০-৩০ সমাপ্তি

* সময়-সঙ্কেত + গ্রামোফোন রেকর্ড ‡ এর পর সংবাদ

কলকাতা

ক

শিলিগুড়ি ও আগরতলা

*

প্রথম অধিবেশন

৫-৫৫ বন্দেমাতরম্
৬-০০ সুভাষিত
৬-০৫ সংগীতাঞ্জলি
৬-৩০ সুবন্ধ সংগীত : সরোদ
ডি. এল. কাব্রা—কৌশিক ভৈরব, যোগিয়া কালেংড়া, প্রভাকালি ও ধুন
৬-৪৫ দেশবন্দনা
৬-৫৫ দীপক রায়—গীটার
৭-০০ নীতা সেন—ভজন
৭-১০ আবহবার্তা ও অনুষ্ঠান পরিচিতি (বাংলা ও ইংরেজী)
৭-১৫ নীলিমা বন্দ্যোপাধ্যায়
শ্যামাসংগীত
৭-২৫ বাংলা সংবাদ
৭-৩৫ স্থানীয় সংবাদ (বাংলা)
৭-৪০ শৈলেন দাস—রবীন্দ্রসংগীত
৮-০০ বাংলা কথিকা/সংগীত
৮-০৫ আরতি বর্মণ—লোকগীতি
(শিলিগুড়ি : ৮-১০ মিঃ ইংরেজী সংবাদ, সংগীত +)
৮-১৫ সমীর সেনগুপ্ত—আধুনিক
৮-৩০ মঞ্জুশ্রী মুখোপাধ্যায়
খেয়াল
৯-০০ বাংলা সংবাদ
৯-০৫ হরেন চৌধুরী
রবীন্দ্রসংগীত
৯-১৫ পলি চট্টোপাধ্যায়
আধুনিক
৯-৩০ বিচিত্রা : বাংলা রূপক
৯-৪৫ ভারতী বন্দ্যোপাধ্যায়
রবীন্দ্রসংগীত
১০-০০ ইংরেজী সংবাদ
১০-০২ অবকাশরঞ্জন +
১০-০৫ স্নিগ্ধা সেন—খেয়াল
১০-৩৫ প্রভাস চৌধুরী—বেহালা
১১-০০ সমাপ্তি

দ্বিতীয় অধিবেশন

১২-৩০* রবীন্দ্রসংগীত +
গীতিনাট্যের গান
১২-৫০ আধুনিক +
১-০০ পণ্ডিত যশরাজ—খেয়াল
(মিয়াঁ কি টোড়ি)
তারানা (শুদ্ধ সারং)
১-৩০ বাংলা সংবাদ
১-৪০ সুগম সংগীত
মুবারক বেগম, কেশবচন্দ্র বন্দ্যোপাধ্যায় ও কমলা মদনানী
১-৫০ প্রভাস চৌধুরী—বেহালা
২-০০ বিচিত্রিতা +
২-২৬ আবহবার্তা
২-৩০ বিদ্যার্থীদের জন্য
(সপ্তম শ্রেণী)
২-৫০ দীপক রায়—গীটার
৩-০০ রম্যগীতি
৩-৩০ সমাপ্তি

মাধুরী চক্রবর্তী : আকাশবাণীর আধুনিক ও শ্যামাসংগীত শিল্পী

তৃতীয় অধিবেশন

৪-১৫ স্পোর্টস সার্ভিস
৫-৫০ নীলিমা বন্দ্যোপাধ্যায়
শ্যামাসংগীত
(শিলিগুড়ি ও আগরতলা ৫-১৫ মিঃ সেনাবাহিনীর জন্য অনুষ্ঠান; অতঃপর সংগীত ৬টায় ইংরেজী সংবাদ, ৬-০৫ মিঃ হিন্দী সংবাদ
শিলিগুড়ি : ৫-৫৫ মিঃ স্থানীয় ঘোষণা ও অনুষ্ঠান পরিচিতি)
৬-০০ স্থানীয় ঘোষণা ও আবহবার্তা
৬-০৫ দীপক রায়—গীটার
৬-১০ মজদুরমণ্ডলী
হিন্দী অনুষ্ঠান: আধুনিক + আজকের প্রসংগে (আগরতলা সংগীত +)
৬-৩০ ছোটদের আসর
সাধারণ বিজ্ঞান : শিল্পে চুম্বক শক্তির ব্যবহার : কথিকা; সমবেত রবীন্দ্রসংগীত, আমাদের দেশের খেলা : কুস্তি; চিঠির উত্তর
৬-৫৫ পল্লী বেতারগোষ্ঠীর অনুষ্ঠান *
কলাই ও মুসুরি চাষ; আলোচনা; নানাকথা; প্রশ্নের উত্তর; দৈনিক বাজার দর; আবহাওয়ার খবর
৭-২৫ আরতি বর্মণ—লোকগীতি
৭-৩৫ বাংলা সংবাদ
৭-৪৫ সমীক্ষা : খেলাধুলা প্রসংগে
৭-৫০ স্থানীয় সংবাদ (বাংলা)
৮-০০ নীতা সেন—আধুনিক
৮-১৫ চলচ্চিত্র পর্যালোচনা
বীরেন চক্রবর্তী
৮-২৫ দরদী মানুষ : শরৎচন্দ্র :
শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মবার্ষিকী উপলক্ষে বিশেষ অনুষ্ঠান : রচনা—
ডঃ জগদীশ ভট্টাচার্য
৮-৪৫ হরেন চৌধুরী
রবীন্দ্রসংগীত
৯-০০ অসীমা ভট্টাচার্য
আধুনিক
৯-১৫ সংবাদ পরিক্রমা
৯-২০ বাংলা সংবাদ
৯-৩০ শ্রবণী
১০-০০ ক্ল্যাসিকাল মিউজিক কনসার্ট
এস. পি. জয়সোয়াল—বেহালা
১১-০০ আবহবার্তা ও সমাপ্তি

কলকাতা খ

প্রথম অধিবেশন

৫-৫৫ কলকাতা ক-এর অনুরূপ
৬-০০ হিন্দী সংবাদ
৬-০৫ মঞ্জু দাস—লোকগীতি
৬-২০ বাংলা সংবাদ
৬-৩০ কলকাতা ক-এর অনুরূপ
৭-০০ ইংরেজী সংবাদ
৭-০৫ বাসন্তী বন্দ্যোপাধ্যায়
শ্যামাসংগীত
৭-১০ কলকাতা ক-এর অনুরূপ
৭-৪০ বাসন্তী বন্দ্যোপাধ্যায়
শ্যামাসংগীত
৭-৪৫ হিন্দী শিক্ষা
৮-০০ হিন্দী সংবাদ
৮-১০ ইংরেজী সংবাদ
৮-২০ অসীমা ভট্টাচার্য
নজরুলগীতি
৮-৩০ কলকাতা ক-এর অনুরূপ
৯-০০ সংস্কৃত সংবাদ
৯-০৫ নিউজ লেটার ইন ইংলিশ
৯-১০ সমাপ্তি

দ্বিতীয় অধিবেশন

১-০০ ইংরেজী সংবাদ
১-০৫ হাইলাইটস্ অব ওয়েস্টার্ন মিউজিক
১-০৬ পাশ্চাত্য সংগীত +
২-০০ ইংরেজী সংবাদ
২-১০ পাশ্চাত্য সংগীত +
২-৩০ মন্থর গতিতে ইংরেজী সংবাদ
৩-০০ সমাপ্তি

দ্বিতীয় অধিবেশন

৬-০০ ইংরেজী সংবাদ
৬-০৫ স্থানীয় ঘোষণা ও আবহবার্তা (ইংরেজী)
৬-১০ স্নিগ্ধা সেন
খেয়াল ও ঠুংরী
৬-৪০ পলি চট্টোপাধ্যায়—আধুনিক
৬-৫৫ প্রভাস চৌধুরী—বেহালা
৭-১৫ বাণিজ্যবার্তা
৭-৩০ দীপক রায়—গীটার
৭-৩৫ নীলিমা বন্দ্যোপাধ্যায়
কীর্তন
৭-৫০ সমীর সেনগুপ্ত
অতুলপ্রসাদের গান
৮-০০ ইংরেজী সংবাদ
(খেলাধুলা)
৮-০৫ হরেন চৌধুরী
রবীন্দ্রসংগীত
৮-১৫ বেতার সংবাদ বিচিত্রা
৮-২৫ আধুনিক +
৮-৩৫ গজল +
৮-৪৫ হিন্দী সংবাদ
৯-০০ ইংরেজী সংবাদ
৯-১৫ উল্লেখ্য অনুষ্ঠান
৯-২৫ অবকাশরঞ্জন +
৯-৩০ অখিল ভারতীয় কার্যক্রমে
কথিকা
১০-০০ পাশ্চাত্য সংগীত +
১০-৩০ মঞ্জু দাস—লোকগীতি
১০-৪০ শৈলেন দাস—রবীন্দ্রসংগীত
১০-৫০ নীতা সেন—আধুনিক
১১-০০ আবহবার্তা ও সমাপ্তি

কলকাতা গ

বিবিধ ভারতী অনুষ্ঠান

সকাল ৭টা—৯-৩০ মিঃ; ১০-১৫ মিঃ—১২-৩০ মিনিট; দুপুর ২টা—রাত ১১-০২ মিনিট

পূর্বাঞ্চলীয় শ্রোতাদের জন্য বিশেষ অনুষ্ঠান

(প্রথম ও দ্বিতীয় অধিবেশন ৫০৮·৫ মীঃ)

প্রথম অধিবেশন

৮-২০ বাংলা সংবাদ
(৭-২৫ মিনিটে প্রচারিত সংবাদের পুনরাবৃত্তি)
৮-৩০ দেশগান
৮-৪০ মৌসুমী : আধুনিক
৮-৫০ সুদেষ্ণা সেন
রবীন্দ্রসংগীত
৯-০০ কলকাতা ক-এর অনুরূপ
৯-০৫ বীথি বন্দ্যোপাধ্যায়
অতুলপ্রসাদের গান
৯-১৫ অবকাশরঞ্জন +
৯-২০ সিদ্ধেশ্বরী দেবী—ঠুংরী
৯-৩০ বাসন্তী বন্দ্যোপাধ্যায়
নজরুলগীতি
৯-৪০ মৌসুমী : লোকগীতি
৯-৫০ সুদেষ্ণা সেন
অতুলপ্রসাদের গান
১০-০০ সমাপ্তি

দ্বিতীয় অধিবেশন

২-৩০ বীথি বন্দ্যোপাধ্যায়
রবীন্দ্রসংগীত
২-৪০ সুদেষ্ণা সেন
নজরুলগীতি
২-৫০ ভারতী বন্দ্যোপাধ্যায়
রবীন্দ্রসংগীত
৩-০০ প্রভাস চৌধুরী—বেহালা
৩-১০ আরতি বর্মন—আধুনিক
৩-২০ মৌসুমী : লোকগীতি
৩-৩০ বাসন্তী বন্দ্যোপাধ্যায়
আধুনিক
৩-৪০ অসীমা ভট্টাচার্য
নজরুলগীতি
৩-৫০ বীথি বন্দ্যোপাধ্যায়
রবীন্দ্রসংগীত
৪-০০ দীপক রায়—গীটার
৪-১০ মঞ্জু দাস—লোকগীতি
৪-২০ সমীর সেনগুপ্ত
আধুনিক
৪-৩০ মঞ্জুশ্রী মুখোপাধ্যায়
খেয়াল
৫-০০ সমাপ্তি

তৃতীয় অধিবেশন

৭-২৫ কলকাতা ক-এর অনুরূপ
৮-৪৫ সমাপ্তি

চতুর্থ অধিবেশন

৯-৩০ কলকাতা ক-এর অনুরূপ
১০-৩০ সমাপ্তি

* সময়-সংকেত + গ্রামোফোন রেকর্ড এর পর সংবাদ

কলকাতা

ক

শিলিগুড়ি ও আগরতলা

*

প্রথম অধিবেশন

৫-৫৫ বন্দেমাতরম্
৬-০০ সুভাষিত
৬-০৫ সংগীতাঞ্জলি
৬-২৫ চাষীভাইদের বলছি কথিকা
৬-৩০ সুবন্ধ সংগীত ঃ খেয়াল
বিজন ঘোষদস্তিদার—আনন্দ ভৈরব, যোগিয়া, রামকেলি, গোপিকা বসন্ত তারানা ভৈরব
৬-৪৫ দেশবন্দনা
৬-৫৫ অজয় ঘোষ—গীটার
৭-০০ রাগপ্রধান +
৭-১০ আবহবার্তা ও অনুষ্ঠান পরিচিতি (বাংলা ও ইংরেজী)
৭-১৫ সুপ্রভা সরকার
ভক্তিগীতি
৭-২৫ বাংলা সংবাদ
৭-৩৫ স্থানীয় সংবাদ (বাংলা)
৭-৪০ অনুরাধা দাশগুপ্ত
রবীন্দ্রসংগীত
৮-০০ বাংলা কথিকা/সংগীত
৮-০৫ পরেশ দেব—লোকগীতি
৮-১৫ সুপ্রভা সরকার
আধুনিক
৮-৩০ বলরাম পাঠক—সেতার
৯-০০ বাংলা সংবাদ
৯-০৫ গীতা ঘটক—রবীন্দ্রসংগীত
৯-১৫ শঙ্করনাথ ঘোষাল
আধুনিক
৯-৩০ মঞ্জু ঘোষ—ঠুংরী
৯-৪৫ সুস্মিতা সাহা
রবীন্দ্রসংগীত
১০-০০ ইংরেজী সংবাদ
১০-০২ অবকাশরঞ্জন +
১০-০৫ নীলিমা লাহিড়ী—খেয়াল
১০-৩৫ নিতাই রায়—সেতার
১১-০০ সমাপ্তি

দ্বিতীয় অধিবেশন

১২-৩০* রবীন্দ্রসংগীত
গীতিমালা
১২-৫০ আধুনিক +
১-০০ সীয়ারাম তেওয়ারী—ধামার (রামকেলি)
১-৩০ বাংলা সংবাদ
১-৪০ সুগম সংগীত
শান্তা পিল্লাই, বি. এন. সিং এবং সমবেত কণ্ঠে
১-৫০ মহিলামহল
টুকিটাকি কথা ঃ কথিকা ঃ খেলাধুলোর জগতে মেয়েরা গান; চিঠির ঝাঁপি
২-২৬ আবহবার্তা
২-৩০ বিদ্যার্থীদের জন্য (অষ্টম শ্রেণী)
২-৫০ বীরেশ্বর ভট্টাচার্য
শ্যামাসংগীত
৩-০০ অজয় ঘোষ—গীটার
৩-১০ অরুণকুমার ঠাকুর—লোকগীতি

গীতা ঘটক ঃ শিল্পীর কণ্ঠে রবীন্দ্র-সংগীত শুনতে পাবেন আজ সকাল ৯-০৫ মিনিটে

৩-২০ শেফালী রায়চৌধুরী
আধুনিক
৩-৩০ সমাপ্তি

তৃতীয় অধিবেশন

৪-১৫ স্পোর্টস সার্ভিস
৫-৫০ বীরেশ্বর ভট্টাচার্য
শ্যামাসংগীত
৬-০০ স্থানীয় ঘোষণা ও আবহবার্তা
৬-০৫ অজয় ঘোষ—গীটার
৬-১০ মজদুরমণ্ডলী
মহাভারতের কথা—বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র; ভক্তিগীতি +; আজকের কথা
৬-৩০ বিচিত্রানুষ্ঠান
পথের ডাকে ঃ যাত্রা; রচনা—সুধীর সরকার; পরিবেশনায়—শান্তিরঞ্জন ভট্টাচার্য ও সম্প্রদায়; দৈনিক বাজার দর; আবহাওয়ার খবর
৭-২৫ বৃন্দগান
পরিবেশনায়—আকাশবাণী সমূহ-গীত-কণ্ঠ; পরিচালনায়—রুমা গুহঠাকুরতা
৭-৩৫ বাংলা সংবাদ
৭-৪৫ সমীক্ষা
৭-৫০ স্থানীয় সংবাদ (বাংলা)
৮-০০ গীতা ঘটক—রবীন্দ্রসংগীত
৮-১৫ শঙ্করনাথ ঘোষাল
আধুনিক
৮-৩০ সাময়িক প্রসঙ্গ/সংগীত
৮-৪৫ এ কি বদ অভ্যেস (৪)
নানাভাবে রাস্তায় চলাচলের অসুবিধা সৃষ্টি করা
বাংলা কথিকা—বৈদ্যনাথ মুখোপাধ্যায়
৯-০০ বলরাম পাঠক—সেতার
৯-৩০ অনুরোধের আসর +
১০-০০ সংবাদ পরিক্রমা
১০-০৫ বাংলা সংবাদ
১০-১৫ সংবাদ বিচিত্রা
১০-৩০ গীতা ঘটক
রবীন্দ্রসংগীত
১০-৪০ বেচু মুখোপাধ্যায়
আধুনিক
১০-৫০ সুপ্রভা সরকার
নজরুলগীতি
১১-০০ আবহবার্তা ও সমাপ্তি

কলকাতা খ

প্রথম অধিবেশন

৫-৫৫ কলকাতা ক-এর অনুরূপ
৬-০০ হিন্দী সংবাদ
৬-০৫ মিঠলিয়া সম্প্রদায়
লোকগীতি
৬-২০ বাংলা সংবাদ
৬-৩০ কলকাতা ক-এর অনুরূপ
৭-০০ ইংরেজী সংবাদ
৭-০৫ যন্ত্রসংগীত +
৭-১০ কলকাতা ক-এর অনুরূপ
৭-৪০ অবকাশরঞ্জন +
৭-৪৫ হিন্দী শিক্ষা
৮-০০ হিন্দী সংবাদ
৮-১০ ইংরেজী সংবাদ
৮-২০ বীরেশ্বর ভট্টাচার্য
শ্যামাসংগীত
৮-৩০ কলকাতা ক-এর অনুরূপ
৯-০০ সংস্কৃত সংবাদ
৯-০৫ নিউজ লেটার ইন ইংলিশ
৯-১০ সমাপ্তি

দ্বিতীয় অধিবেশন

১-০০ ইংরেজী সংবাদ
১-০৫ হাইলাইটস অব ওয়েস্টার্ন মিউজিক
১-০৬ পাশ্চাত্য সংগীত +
২-০০ ইংরেজী সংবাদ
২-১০ পাশ্চাত্য সংগীত +
২-৩০ মন্থর গতিতে ইংরেজী সংবাদ
৩-০০ সমাপ্তি

তৃতীয় অধিবেশন

৬-০০ ইংরেজী সংবাদ
৬-০৫ স্থানীয় ঘোষণা ও আবহবার্তা
৬-১০ পরেশ দেব—লোকগীতি
৬-২০ মঞ্জু ঘোষ—টপ্পা
৬-৩০ বেচু মুখোপাধ্যায়
শ্যামাসংগীত
৬-৪০ নীলিমা লাহিড়ী—খেয়াল
৬-৫৫ অজয় ঘোষ—গীটার
৭-১৫ বাণিজ্যবার্তা
৭-৩০ অবকাশরঞ্জন +
৭-৩৫ অনুরাধা দাশগুপ্ত
রবীন্দ্রসংগীত
৭-৫০ বেচু মুখোপাধ্যায়
আধুনিক
৮-০০ ইংরেজী সংবাদ (খেলাধুলো)
৮-০৫ হিন্দী কার্যক্রম
পরম্পরা কি কই পর (৩) আজ কা আদমী ঃ হিন্দী কথিকা; অনুভূতি কি অনমল ক্ষণ ঃ কবিতা আবৃত্তি—ছবিনাথ মিশ্র; গঙ্গো জমান কি কাসোন্তি পর (৩) আজ কা সাহিত্য ঃ হিন্দী কথিকা
৮-৩০ অরুণকুমার ঠাকুর
শ্যামাসংগীত
৮-৩৫ রবীন্দ্রসংগীত +
৮-৪৫ হিন্দী সংবাদ
৯-০০ ইংরেজী সংবাদ
৯-১৫ উল্লেখ্য অনুষ্ঠান
৯-২৫ অবকাশরঞ্জন +
৯-৩০ হোয়াট ইজ মোড ইন প্রেস?
ইংরেজী আলোচনা
৯-৫০ আদি গজদার—পিয়ানো
১০-২০ পাশ্চাত্য সংগীত +
১০-৩০ নীলিমা লাহিড়ী—খেয়াল
১১-০০ আবহবার্তা ও সমাপ্তি

কলকাতা গ

বিবিধ ভারতী অনুষ্ঠান

সকাল ৭টা—৯-৩০ মিঃ; ১০-১৫ মিঃ—১২-৩০ মিনিট; দুপুর ২টা—রাত ১১-০২ মিনিট

